

মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১

স্বাস্থ্য ও শারীরশিক্ষা ষষ্ঠ শ্রেণি

প্রথম অধ্যায় : দেশাত্মবোধ এবং দ্বিতীয় অধ্যায় : প্রাথমিক চিকিৎসা

১। বহুর মধ্যে সঠিক উত্তরটি খুঁজে বার করে (✓) চিহ্ন দাও :

(ক) ভারতবর্ষের জাতীয় পতাকার কোন রংটি নীচের দিকে থাকে?

(১) সাদা

(২) সবুজ

(৩) গেরুয়া

(খ) জাতীয় পতাকার সাদা রং কীসের প্রতীক?

(১) ত্যাগ

(২) আনন্দ

(৩) শান্তি ও পবিত্রতা

(গ) প্রাথমিক চিকিৎসা করা হয়।

(১) ডাক্তারের কাছে নিয়ে যাওয়ার আগে

(২) ডাক্তারের দেখার পর

(৩) রোগ থেকে সেরে ওঠার পর

(ঘ) কখন 'স্প্লিন্ট' ব্যবহার করা হয়?

(১) রক্তপাত বন্ধ করতে

(২) জ্বর কমানোর জন্য

(৩) অস্থিভঙের ক্ষেত্রে

২। উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো :

(ক) ভারতের জাতীয় পতাকার সাদা রঙের অংশটির _____ নীল রঙের _____ কঁটা বিশিষ্ট চক্র বসানো থাকে।

(খ) জাতীয় শোকপ্রকাশে জাতীয় পতাকা অর্ধনমিত থাকার দিনেও জাতীয় পতাকা প্রথমে _____ তুলে তারপর দণ্ডের _____ পর্যন্ত নামাতে হবে।

(গ) আহত ব্যক্তির শ্বাস বন্ধ হওয়ার উপক্রম হলে দ্রুত কৃত্রিম _____ চালানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ঘ) বিদ্যালয়ের প্রাথমিক চিকিৎসার বাস্তবে কিছু প্রয়োজনীয় _____ থাকা আবশ্যিক।

৩। সারণির মধ্যে সমতাবিধান করো :

বাঁদিকের সঙ্কে	ডানদিকের অংশ মেলাও
(ক) অশোকচক্র ()	(i) ক্ষতস্থান আঙুল দিয়ে চেপে ধরতে হবে।
(খ) ত্রিবর্ণরঞ্জিত ()	(ii) দ্রুত জ্ঞান ফেরাতে হবে।
(গ) সবুজ রং ()	(iii) অবাধ অগ্রগতির প্রতীক
(ঘ) অচৈতন্য ব্যক্তি ()	(iv) তরল জীবাণুনাশক ব্যবহার করতে হবে।
(ঙ) স্বল্প রক্তপাত হচ্ছে ()	(v) দ্রুত স্থানান্তরকরণের ব্যবস্থা করতে হবে।
(চ) প্রাথমিক চিকিৎসার পরে রোগীকে ()	(vi) সুজলা-সুফলা সমৃদ্ধ ভূমি ও তারুণ্যের প্রতীক
	(vii) ভারতবর্ষের জাতীয় পতাকা।

৪। প্রকল্প :

(ক) জাতীয় পতাকার আদর্শ ব্যবহারবিধির ছবিসহ একটি প্রতিবেদন তৈরি করো।

(খ) তাপপ্রবাহজনিত অসুস্থতা থেকে বাঁচতে কী কী পদক্ষেপ গ্রহণ করতে হবে সে বিষয়ে একটি পোস্টার তৈরি করো।

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এ প্রশ্নগুলোর উত্তর লিখে বিদ্যালয় কর্তৃপক্ষের নির্দেশ মতো অভিভাবকদের মাধ্যমে শিক্ষকদের কাছে জমা দিতে হবে। কোনো অবস্থাতেই শিক্ষার্থীরা বিদ্যালয়ে জমা দিতে আসবে না।